

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৯

তারিখঃ ৩০ ডিসেম্বর ২০২০
১৫ পৌষ ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ শ্রেণিকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ২৮ সেপ্টেম্বর ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে সামগ্রিক ব্যবসায়িক ও অর্থনৈতিক ক্ষতির পাশাপাশি বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৯ এর আওতায় পুনঃতফসিল/এককালীন এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগ গ্রহীতাগণ ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়টি বিবেচনায় নিয়ে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, উক্ত সার্কুলারের আওতায় পুনঃতফসিল/এককালীন এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগসহ অন্যান্য পুনঃতফসিল/এককালীন এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের ক্ষেত্রেও বিআরপিডি সার্কুলার নং-১৭/২০২০ এর নির্দেশনা প্রযোজ্য হবে। এক্ষেত্রে পুনঃতফসিল/এককালীন এক্সিটের আওতায় ঋণ/বিনিয়োগগ্রহীতা কর্তৃক তার ঋণ/বিনিয়োগের অর্থ পরিশোধের জন্য প্রদত্ত মেয়াদের যে অংশ ০১ জানুয়ারি ২০২০ থেকে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে পড়বে শুধুমাত্র সে অংশ deferred (এককালীন এক্সিটের ক্ষেত্রে সর্বোচ্চ ১৮০ দিন) হিসেবে বিবেচিত হবে।

০৩। বিআরপিডি সার্কুলার নং-১৭/২০২০-এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২